# ডাকাতের গল্প

## - রবীন্দ্রনাথ ঠাকুর

05.05.2020

রচনাধর্মী প্রশ্ন :

১।''বাবা রোগী কষ্ট পাচ্ছে, আমাকে যেতেই হবে।''

- কার লেখা, কোন গদ্যাংশের অন্তর্গত? কে, কাকে এই কথাগুলি বলেছিল? বক্তা কোথায় যাবেন? এখানে কোন রোগীর কথা বলা হয়েছে? তিনি কষ্ট পাচ্ছেন কেন? বক্তাকে সেখানে যেতে নিষেধ করা হয়েছে কেন?

উ:-* আলোচ্য অংশটি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'ডাকাতের গল্প' গদ্যাংশের অন্তর্গত।

** গুপ্তিপাড়ার বিশ্বম্ভরবাবু বিষ্ণুপুরের এক রাখালকে এই কথাগুলি বলেছিল।

*** বক্তা সপ্তগ্রাম যাবেন।

**** এখানে রোগী বলতে ইস্‌টিমার-ঘাটের ইস্‌টেশন মাস্টার মধু বিশ্বাসের ছোটো ছেলের কথা বলা হয়েছে।

***** তার অম্লশূল, তাই তিনি কষ্ট পাচ্ছেন।

****** বক্তা বিষ্ণুপুরের পশ্চিম ধারের প্রকান্ড এক মাঠে এসে গাঁয়ের এক রাখালের কাছে যখন সপ্তগ্রাম যাওয়ার পথের দূরত্ব জানতে চান তখন প্রায় সন্ধ্যা হয়ে এসেছে। রাখাল জানায় সে পথ তখনও সাত ক্রোশ দূর। রাখাল আরও বলে পথের মাঝে ভীষ্মহাটের মাঠ, তার কাছে শ্মশান। সেখানে আবার ডাকাতের ভয়। তাই বক্তাকে অর্থাৎ ডাক্তার বিশ্বম্ভরবাবুকে সেখানে যেতে নিষেধ করা হয়েছে।

---

বাড়ির কাজ :

সংক্ষিপ্ত প্রশ্ন :

১।বিশ্বম্ভর বাবুর গায়ে সে সময় কম্বল থাকার কারণ কী ?

২। তিল্পনির খালের ধারে কী ঘটনা ঘটেছিল?

Scanned with CamScanner